# আগুন নিয়ে সতর্ক করলেন মুখ্যমন্ত্রী

**আজকালের প্রতিবেদন**

সম্প্রতি নিউ আলিপুরে ঝুপড়িতে আগুন লাগার ঘটনায় ক্ষতিগ্রস্ত হয়েছে দুর্গাপুর ব্রিজ। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বৃহস্পতিবার নবান্নে বলেন, 'শীতের সময় ফাঁকা জায়গায় আগুন পোহানোর পর সেই আগুন নিভিয়ে দেওয়া উচিত। এই ব্যাপারে সবাইকে সতর্ক থাকতে হবে। আগুন লাগার ঘটনায় ব্রিজের এতটাই ক্ষতি হয়েছে যে, যান চলাচল নিয়ন্ত্রণ করতে হচ্ছে। খুব দ্রুত এই ব্রিজ সারাতে হবে। এর জন্য টাকার প্রয়োজন। তিনি জানিয়েছেন, সংশ্লিষ্ট সব দপ্তর খতিয়ে দেখেছে যে, দুর্গাপুর ব্রিজ ভালরকম ক্ষতিগ্রস্ত হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, 'রেলের জমিতে এই বস্তি ছিল। আমি রেলকে বলব নজর রাখতে। কাউকে উচ্ছেদ করতে বলছি না। কিন্তু নজর রাখা দরকার।' পাশাপাশি তিনি ঝুপড়ির বাসিন্দাদের আগুন নিয়ে সতর্ক থাকতে বলেন। তিনি বলেন, 'যেখানে তাঁরা থাকেন, সেখানকার নিরাপত্তা তাঁদেরই দেখা উচিত। বিশেষ করে শীতের সময় খোলা জায়গায় আগুন জ্বালালে সতর্ক সবাইকেই থাকতে হবে।'

**দমকল দপ্তরে নতুন নিয়োগ**

রাজ্যের ৬টি নতুন দমকল কেন্দ্র তৈরি হচ্ছে। তার জন্য ২৬৪টি পদে নতুন নিয়োগ হতে চলেছে। বৃহস্পতিবার নবান্নে মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দমকলমন্ত্রী সুজিত বসু জানিয়েছেন, এর জন্য নতুন পদ সৃষ্টি করা হয়েছে। প্রত্যেকটি নতুন দমকল কেন্দ্রে ৪৪ জন করে নিয়োগ করা হবে।



হেনরি লুই ভিভিয়ান ডিরোজিওর মৃত্যুবার্ষিকীতে তাঁর মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানালেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। পার্ক স্ট্রিটে ডিরোজিওর সমাধিস্থলে বৃহস্পতিবার। ছবি: তপন মুখার্জি

# মহিলা কংগ্রেসের দীক্ষা কর্মসূচি শুরু

**দীপঙ্কর নন্দী**

তৃণমূল মহিলা কংগ্রেসের দীক্ষা কর্মসূচি বৃহস্পতিবার থেকে শুরু হল। চলবে ২৫ জানুয়ারি পর্যন্ত। মমতা ব্যানার্জির রাজনৈতিক জীবনের সংগ্রাম, তাঁর বার্তা, উন্নয়ন নিয়ে জেলা এবং রাজ্য জুড়ে এই কর্মসূচির ডাক দেন তৃণমূল মহিলা কংগ্রেসের সভাপতি চন্দ্রিমা ভট্টাচার্য। এই কর্মসূচিকে কেন্দ্র করে কর্মীরা কর্মিসভা করেন। অনেকেই বক্তব্য পেশ করেন। যাঁরা মমতা ব্যানার্জির ইতিহাস জানেন, তাঁদেরই বলার সুযোগ দেওয়া হয়েছে। রায়গঞ্জ ও দক্ষিণ দমদমে কর্মিসভায় ভিড় ছিল লক্ষ করার মতো। কলকাতায় এদিন কোথাও কর্মসূচি হয়নি। পরে এই কর্মসূচি নেওয়া হবে। চন্দ্রিমা জানান, মেয়েদের মধ্যে উৎসাহ–উদ্দীপনা ছিল তুঙ্গে। আরও কয়েকটি জেলায় এই কর্মসূচি পালন করা হয়। প্রথমে সকলকে নতুন বছরের শুভেচ্ছা জানানো হয়। অনেকেই বলেন, সিপিএমের আমলে আমাদের নেত্রীকে প্রচুর মার খেতে হয়েছে। মাথা ফাটিয়ে দেওয়া হয়েছে। গাড়ি ভেঙে দেওয়া হয়েছে। তবুও তিনি দমে যাননি। তিনি অনশন করেছেন। সিঙ্গুরে টাটার গাড়ি তৈরির বিরুদ্ধে সেখানেও অনশন করেছেন। নেতারা এই সব কথা তুলে ধরেন। তাঁদের মধ্যে অনেকেই বলেন, প্রায়ই তিনি কর্মীদের নিয়ে রাস্তায় মিছিল করতেন। একবার মহাকরণে গিয়েছিলেন, কিন্তু তাঁকে মারধর করে মহাকরণ থেকে পুলিশ জোর করে বের করে দেয়। জিনিসপত্রের দামবৃদ্ধি নিয়ে তিনি মিছিল করেন। ভোটের পরিচয়পত্র তৈরির দাবি নিয়ে ১৯৯৩ সালে মমতার মিছিলে গুলি চলে। ১৩ জনের মৃত্যু হয়। তারপর থেকে প্রতিবার ২১ জুলাই শহিদদের শ্রদ্ধা জানিয়ে সভা করা হয়। ১৩ জনের মধ্যে একজনের পরিচয় আজও পাওয়া যায়নি। ২০১১ সালে মমতা ব্যানার্জি ক্ষমতায় আসার পরও প্রতি বছর এই দিনটি শহিদ দিবস হিসেবে পালন করেন। ভিক্টোরিয়া হাউসের সামনে সভা হয়। একবার গার্ডেনরিচে তাঁর গাড়ি ভাঙচুর করা হয়। তাঁকে মারধর করা হয়। কংগ্রেসের ডাকা বন্‌ধের কর্মসূচিতে হাজরার মোড়ে মমতা মিছিল বার করেন। সেই সময় তিনি কংগ্রেসে ছিলেন। সিপিএমের কয়েকজন কর্মী লাঠি দিয়ে তাঁর মাথা ফাটিয়ে দেয়। দীর্ঘদিন হাসপাতালে থাকতে হয় তাঁকে। মাথায়, হাতে ব্যান্ডেজ নিয়েই মমতা এই ঘটনার প্রতিবাদে সিধু কানহু ডহরে সভা করেন। বহু মানুষ এই সভায় এসেছিলেন। দীক্ষা কর্মসূচিতে এ–ও বলা হয়, মমতা দীর্ঘদিন ধরে নানা ধরনের বই লিখছেন। তাঁর আন্দোলন নিয়েও বই লেখা হয়েছে। তাঁর বইয়ের সংখ্যা দেড়শোর ওপর। এবার বইমেলা উপলক্ষেও তাঁর বই প্রকাশিত হবে। জেলা সভাপতিদের মধ্যে কয়েকজন মমতা সম্পর্কে বিস্তারিত বলেন।




রায়গঞ্জে তৃণমূল মহিলা কংগ্রেসের দীক্ষা কর্মসূচি। বৃহস্পতিবার।

# ই-ভেসেল উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী

**আজকালের প্রতিবেদন**

মিলেনিয়াম পার্ক থেকে ৮ জানুয়ারি ই–ভেসেল উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। বৃহস্পতিবার তিনি নবান্নে জানিয়েছেন, এই ই–ভেসেল বেলুড়মঠ, দক্ষিণেশ্বরেও যাবে। সব ঠিক থাকলে, ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে কালীঘাটের স্কাইওয়াকেরও উদ্বোধন করে দিতে চান তিনি। আইটিসি কলকাতায় এআই গ্লোবাল হাব তৈরি করতে চলেছে। এই হাবের জন্য বাড়ি তৈরি হয়ে গেছে। মুখ্যমন্ত্রী জানিয়েছেন, এটিও তিনি উদ্বোধন করবেন। দিঘায় ৭, ৮ ও ৯ জানুয়ারি পিঠেপুলি ও মিষ্টিহাবের উৎসব রয়েছে। মুখ্যমন্ত্রী সেচমন্ত্রী মানস ভুঁইয়াকে দায়িত্ব দিয়েছেন। মুখ্যমন্ত্রী আরও জানিয়েছেন, ফেব্রুয়ারির ৫ ও ৬ অনুষ্ঠিত হবে মেগা ইভেন্ট 'বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন।' দিঘায় জগন্নাথ দেবের মন্দিরও উদ্বোধন করবেন ২৯ ও ৩০ এপ্রিল।

# বড়দিনে গ্রেপ্তার ১৫৭

**আজকালের প্রতিবেদন**

নির্বিঘ্নে কাটল বড়দিন। কলকাতার কোথাও কোনও অপ্রীতিকর ঘটনা ঘটেনি। কলকাতা পুলিশ যে ধরনের নিরাপত্তা ব্যবস্থা করেছিল, তা অভূতপূর্ব। রাতভর লক্ষ লক্ষ লোকের ভিড় সামাল দিল একেবারে পেশাদারিত্বের সঙ্গে। তবে, দু–চারটি ঘটনায় গ্রেপ্তার করা হয়েছে মোট ১৫৭ জনকে। অধিকাংশই মত্ত অবস্থায় অভব্যতা করার জন্য। এছাড়াও কড়া হাতে ট্রাফিক নিয়ন্ত্রণ করার জন্য আটক ও জরিমানা হয়েছে মোট ১১ হাজার ৪৫২ জনের। বড়দিনের একদিন আগে থেকেই পথে পুলিশ ছিল। বুধবার, বড়দিনে অতিরিক্ত দু'হাজার পুলিশ মোতায়েন করা হয়েছিল। ফলত আঁটোসাঁটো নিরাপত্তার জন্য রাতভর কাতারে কাতারে মানুষ পার্ক স্ট্রিট, বো ব্যারাক, অ্যালেন পার্ক–সহ নানা জায়গায় সপরিবার নিশ্চিন্তে ঘুরে বেড়িয়েছেন। বড়দিনে সবচেয়ে বেশি ধরপাকড় হয়েছে সিগন্যাল ভাঙার জন্য। তার পরই হেলমেট ছাড়া যাতায়াত। তবে, গাড়ি চালানোর সময় মোবাইলের ব্যবহার একজনও করেননি বলে লালবাজারের রিপোর্টে দেখানো হয়েছে। সামনে বর্ষ শেষ ও বর্ষ বরণের দিন আসছে। একই নিরাপত্তা ব্যবস্থা এই দিনগুলিতেও থাকছে। বড়দিনে মত্ত অবস্থায় গাড়ি চালানোর জন্য ধরা হয়েছে ১০০ জনকে। বেপরোয়া গতিতে গাড়ি চালানোর জন্য ধরা হয়েছে ১৮১ জনকে। অন্যদিকে, ইয়ারফোন ব্যবহার, নো এন্ট্রি জোনে ঢুকে পড়া ইত্যাদি কারণে ধরা হয়েছে ৯৩ জনকে। নির্দিষ্ট গতিসীমার বাইরে গাড়ি চালানোর জন্য ধরা হয়েছে ৭৯৩ জনকে। এছাড়াও সিগন্যাল ভাঙার জন্য ১ হাজার ৯৪৫ এবং হেলমেট ছাড়া বাইক চালানোর জন্য ১ হাজার ৪৪৯ জনকে ধরা হয়েছে। কলকাতা পুলিশ জানিয়ে দিয়েছে, যেহেতু বছরের শেষ কটা দিন বাকি, তাই কোনও ধরনের ঘটনা যাতে না ঘটে, সে জন্য সমস্ত ব্যবস্থা নেওয়া হয়েছে। নাকা চেকিং টানা চলবে। এছাড়াও বিভিন্ন হোটেল, রেস্তোরাঁয় নজরদারি থাকবে, যাতে পরিচয় গোপন করে কেউ না ঢুকে পড়ে। প্রতিটি হোটেলে জানিয়ে দেওয়া হয়েছে, পরিচয়পত্র খতিয়ে দেখে তবেই ঘর দিতে হবে। এছাড়াও টানা নজরদারি চলবে বাসস্ট্যান্ড, বড় বাজার এবং রেল স্টেশনে। সন্দেহভাজন কোনও ব্যক্তি বা বস্তু দেখলেই তা সরাসরি লালবাজারে জানাতে বলা হয়েছে।

# পার্ক সুন্দর রাখতে নাগরিকদের সচেতন হওয়ার বার্তা মেয়রের

**আজকালের প্রতিবেদন**

শহরের পার্কগুলোকে সুন্দর রাখার দায়িত্ব নাগরিকদেরও নিতে হবে। পুরসভা পার্কে বৃক্ষরোপণ করে সাজিয়ে দেবে। সেগুলোকে রক্ষা করতে এলাকাবাসীকেও সচেতন হওয়ার বার্তা দিলেন কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। বৃহস্পতিবার কলকাতার ২৯ নম্বর ওয়ার্ডে একটি পার্কের বেহাল অবস্থা প্রসঙ্গে মেয়র জানান, কলকাতার বেশিরভাগ পার্কই গাছ লাগিয়ে, আলো, বসার জায়গা, শিশুদের খেলার জায়গা করে সাজিয়ে দেওয়া হয়েছে। তবে কয়েকটা পার্ক এরকম রয়েছে। যেখানে গাছ লাগিয়ে সাজিয়ে দিয়ে আসার পরও ঠিকমতো দেখাশোনা হয় না। কোথাও পার্কে বাইরের লোক ঢুকে পড়ার অভিযোগ। পুরসভার একার পক্ষে এটা সামলানো সম্ভব নয়। এলাকার মানুষকেও সচেতন হতে হবে। পুরসভার তরফ থেকে গাছ লাগানো থেকে শুরু করে, পার্ক সাজাতে যা যা করণীয় করে দেবে। কিন্তু সেটা ঠিকঠাক আছে কিনা সেদিকে নজর রাখতে হবে। নজর রাখতে হবে স্থানীয় কাউন্সিলরকেও। পুরসভা সূত্রে জানা গেছে, শহর সৌন্দর্যায়নের সঙ্গে সঙ্গে পার্কগুলোও সাজিয়ে দিয়েছে পুরসভা। সাজিয়ে দেওয়ার পরও অনেক পার্কের অবস্থা নিয়ে অভিযোগ এসেছে। সেক্ষেত্রে কিছুটা এলাকা এবং কিছুটা নাগরিক অসচেতনতার ভূমিকা থেকে যায়। বস্তি এলাকার পার্কগুলো অনেক সময়ে খারাপ হয়ে যায়। এছাড়া পার্কে উদ্বাস্তু বাস, আবর্জনা ফেলার অভিযোগও রয়েছে।

## ভয় দেখিয়ে তোলা চেয়ে গ্রেপ্তার ৩

**একটি রাজনৈতিক দলের শীর্ষনেতার নাম করে পাঁচ লক্ষ টাকা চাওয়ার অভিযোগে তিন জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এদের নাম জুনেদুল হক চৌধুরি, শেখ তসলিম এবং শুভদীপ মল্লিক। অভিযোগ, এই তিনজন একটি পুরসভার চেয়ারম্যানকে ফোন করে বলেছিল, আপনার বিরুদ্ধে অনেক অভিযোগ আছে। ওই টাকা দিলে সব কিছু সমাধান হয়ে যাবে। বিষয়টি নিয়ে শেক্সপিয়র সরণি থানায় অভিযোগ জানানো হয়। পার্ক স্ট্রিটের এমএলএ হস্টেলের তিনতলার একটি ঘর থেকে তিনজনকে ধরে পুলিশ। ওই পুরসভার চেয়ারম্যান বৃহস্পতিবার বিকেলে একটি নম্বর থেকে ফোন পান। তাঁকে বলা হয়, যে কোনও সময় তাঁর বিরুদ্ধে পুলিশ ব্যবস্থা নিতে পারে। টাকা দিলে সে সমস্ত সমস্যা হবে না। এর পরই তাঁর সন্দেহ হয়। তিনি সরাসরি পুলিশে জানান। পুলিশ মোবাইল নম্বর ট্র্যাক করে। দেখে, হুগলির একটি জায়গা থেকে ফোন এসেছে।**

## শিয়ালদায় বাতিল থাকছে বহু ট্রেন

**রেলের রক্ষণাবেক্ষণ কাজের জন্য শনিবার রাত থেকে রবিবার সকাল পর্যন্ত বাতিল থাকছে বহু ট্রেন। রেল সূত্রে খবর, দমদম স্টেশনের ডাউন লাইনে ৭ ঘণ্টা পাওয়ার ব্লক থাকবে। তাই শনিবার রাত ১১টা ৩০ মিনিট থেকে রবিবার সকাল ৬টা ৩০ মিনিট পর্যন্ত বাতিল থাকছে বহু ট্রেন। এই বাতিল ট্রেনগুলির মধ্যে রয়েছে রাতের ডানকুনি লোকাল এবং রবিবারের শিয়ালদা থেকে বনগাঁ, হাবড়া, হাসনাবাদ, ডানকুনি, দত্তপুকুর, কল্যাণী সীমান্ত, শান্তিপুর, গেদে, কৃষ্ণনগর, নৈহাটি, রানাঘাট ও বারাসত লোকাল। শনিবারের রাতের লালগোলা প্যাসেঞ্জারের সময়সূচিও পরিবর্তিত হয়েছে। শিয়ালদা থেকে ট্রেনটি ১০টা ১৫ মিনিটের বদলে ছাড়বে ১০টা ৪৫ মিনিটে। রেলের তরফে বলা হয়েছে, যাত্রী সুরক্ষার স্বার্থেই সাত ঘণ্টা ট্রেন চলাচল বন্ধ রাখতে হচ্ছে। তবু যাত্রীদের অসুবিধার জন্য দুঃখ প্রকাশ করেছে রেল।**

বৈংক ऑफ़ बड़ौदा Bank of Baroda
বারাসত ব্রাঞ্চ
৬৫/১০ কে এন সি রোড, দক্ষিণপাড়া হাটখোলা, বারাসত, কলকাতা–৭০০১২৪
দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

(সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮(১) সহ পঠনীয় পরিশিষ্ট IV অনুসারে)
যেহেতু, ব্যাঙ্ক অফ বরোদা–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে ঋণগ্রহীতা **মেসার্স প্রিঞ্জশ্রী বুটিক** এবং **প্রোপ্রাইটর: শ্রীমতী তনুশ্রী দাস** পিতা রঘুনাথ, বিশ্বাস আরদেবক রোড নোয়াপাড়া, বারাসত–১, উত্তর ২৪ পরগনা, বারাসত ৭০০১২৫–এর প্রতি **১৫.১০.২০২৪** তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে **১৪.১০.২০২৪ তারিখের ভিত্তিতে ₹৩২,২৬,৩৮৮.৯০ (বত্রিশ লক্ষ ছাব্বিশ হাজার তিনশো অষ্টাশি টাকা এবং নব্বই পয়সা মাত্র)**, তৎসহ তার উপর চুক্তিভিত্তিক হারে পুনরায় সুদ প্লাস আদায়ের তারিখ পর্যন্ত মাশুল, চার্জ এবং খরচ আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতা এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলস, ২০০২ এর রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **২৬ ডিসেম্বর, ২০২৪** এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য সময়সীমার মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদ ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।
বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন **₹৩২,২৬,৩৮৮.৯০ (বত্রিশ লক্ষ ছাব্বিশ হাজার তিনশো অষ্টাশি টাকা এবং নব্বই পয়সা মাত্র)** এবং তার উপর সুদ এবং আদায়যোগ্য চার্জ সমেত **ব্যাঙ্ক অফ বরোদা, বারাসত ব্রাঞ্চ,** ৬৫/১০ কে এন সি রোড, দক্ষিণপাড়া হাটখোলা, বারাসত, কলকাতা–৭০০১২৪–এর প্রতি দায় সাপেক্ষ হবে।

**বন্ধক রাখা স্থাবর সম্পত্তির বিবরণ**

ফিফথ অ্যাভেনিউ নামে জি+৩ তল বিশিষ্ট বিল্ডিংয়ের তৃতীয় তলের উত্তর–পশ্চিম দিকে টাইলস ফ্লোরের (লিফটের সুবিধাযুক্ত) স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট নং এফএল–২, এফএন–এ এর সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশের সমবন্ধক, মাপ সুপার বিল্ট আপ এরিয়া কমবেশি ৭৮০ বর্গফুট, কমবেশি ৪ কাঠা ১০ ছটাক ১৫ বর্গফুট বাস্তু জমির উপর নির্মিত, আর এস দাগ নং ২৯৮, এল আর দাগ নং ৭৬৪ এবং ৭৬৬, আর এস খতিয়ান নং ৬৩৮, এল আর খতিয়ান নং ১০৭৫২, মৌজা উদয়রাজপুর, জে এল নং ৪৩, রে সা নং ০৬, তৌজি নং ১৪৬, পরগনা আনোয়ারপুর, থানা বারাসত, বর্তমানে মধ্যমগ্রাম, এডিএসআর অফিস বারাসত, মধ্যমগ্রাম পুরসভার ওয়ার্ড নং ১২, হোল্ডিং নং ৫, অরবিন্দ সরণি (পিয়ারা বাগান), জেলা উত্তর ২৪ পরগনা, নিচের জমির অবিভক্ত সম পরিমাণ অংশ সহ। **উক্ত ফ্ল্যাটে চৌহদ্দি: উত্তরে:** খোলা আকাশ, **দক্ষিণে:** অন্যান্য ফ্ল্যাট, **পূর্বে:** সিঁড়ি এবং লবি, **পশ্চিমে:** খোলা আকাশ।
**এডিএস আর বারাসত, উত্তর ২৪ পরগনায় নথিভুক্ত ২০২২ সালের দলিল নং I ৫৭৬৮ অনুসারে তনুশ্রী দাসের নামে।**

**তারিখ: ২৬.১২.২০২৪**
**স্থান: কলকাতা**
অনুমোদিত আধিকারিক
ব্যাঙ্ক অফ বরোদা

THE DURGAPUR PROJECTS LIMITED
(A Government of West Bengal Enterprise)
CIN No: U40102WB1961SGC025250

NOTICE REGARDING MONTHLY FUEL COST ADJUSTMENT (MFCA)
Notification No. COM/MFCA Notification/45 Date: 20.12.2024
In accordance with West Bengal Electricity Regulatory Commission (Terms and Conditions of Tariff) Regulations, 2011 as amended, Monthly Fuel Cost Adjustment of DPL for November' 2024, works out as follows :
Unit no.: 7 : 94 Paisa/kWh.
Unit no.: 8 : 98 Paisa/kWh.
Recovery of MFCA will accordingly be effected for the month of November' 2024 from the purchasers of electricity of DPL under the purview of Hon'ble West Bengal Electricity Regulatory Commission. Annual reconciliation of MFCA will be carried out in accordance with the provisions of the regulations.
GM (Commercial)
ICA- N 564(3)/2024 COMMERCIAL DEPARTMENT

Dakshinee Akra Phase II Cooperative Housing Society Ltd
(Regd.No.- 8 of 16.12.1982 of South 24 Pgs)
C-1, Dakshinee Housing Estate Phase II, Kolkata - 700018, South 24 Parganas
NOTICE
It is hereby notified for all members of the society that the election to the BOD of the said society will be held on 16.02.2025 from 11 AM to 2 PM at the registered office of the society. For this purpose draft voter list will be published at the notice board of the society on 03.01.2025 at 11 AM. The distribution and filing of nomination papers will commence from 27.01.2025 and continue till 28.01.2025 from 11 AM to 3 PM at the registered office of the society. For any other details regarding the schedule of election please contact the notice board of the society during the society's office hours.
(Mitra Biswas)
CI, MM Circle and ARO
(Mobile No. 9674591291)

ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
ভবানীপুর শাখা
২৬, লী রেসিডেন্সি, দ্বিতীয় তল, ও সি গাঙ্গুলি সরণি, কলকাতা–৭০০০২০
ই–মেল: Bhowanipur.Kolkata@Bankofindia.co.in; ফোন: ০৩৩–২৪৭৫৮৫৫৬
বকেয়া লকার ভাড়া প্রদানের জন্য নোটিস

| ক্রম নং | লকার ধারকের নাম | ঠিকানা | বকেয়া লকার ভাড়া (₹) | নোটিস প্রেরণের বিশদ তথ্য | যে তারিখ থেকে বকেয়া |
|---|---|---|---|---|---|
| ১ | রথীন্দ্রনাথ বসু, লকার নং: ০০০১১৬, টাইপ 'এ' | ২৪ই/২, মহেন্দ্রনাথ সেন লেন, রিজেন্ট পার্ক, কলকাতা–৭০০০৪০ | ₹৪,৫০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ১৬.১২.২০২১ |
| ২ | গার্গী দত্ত লকার নং: ০০১৮৬০, টাইপ 'এ' | ২৮, চক্রবেড়িয়া রোড, দক্ষিণ ভবানীপুর, কলকাতা–৭০০০২৫ | ₹৬,০০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ২৯.০৬.২০২১ |
| ৩ | পম্পা দত্ত, লকার নং: ০০৩৫২৬, টাইপ 'এ' | ১৮বি, আনন্দ ব্যানার্জি লেন, কলকাতা–৭০০০২০ | ₹৮,৪০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ২৬.১১.২০২১ |
| ৪ | মুনমুন চন্দ্র, লকার নং: ০০০৫০১, টাইপ 'এ' | ৮এ, মাধব চ্যাটার্জি স্ট্রিট, এলগিন রোড, কলকাতা–৭০০০২০ | ₹৬,০০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ০৬.০৫.২০২১ |
| ৫ | অরুণ ভূষণ মুখার্জি, লকার নং: ০০০৪৪৩, টাইপ 'এ' | ৭৭ডি, হরিশ চ্যাটার্জি স্ট্রিট, ভবানীপুর, কলকাতা–৭০০০২৫ | ₹৬,০০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ৩০.০৮.২০২১ |
| ৬ | অলকা মুখার্জি, লকার নং: ০০০২৯৫, টাইপ 'এ' | ফ্ল্যাট নং এস ২সি, ৪৮, গড়িয়াহাট রোড, কলকাতা–৭০০০১৯, পশ্চিমবঙ্গ | ₹৬,০০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ২৯.০৪.২০২১ |
| ৭ | মালবিকা চৌধুরী, লকার নং: ০০১৭৫৯, টাইপ 'এ' | ২৫৩সি/১, এন এস সি বোস রোড, নাকতলা, কলকাতা–৭০০০৪৭ | ₹৬,০০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ২০.০৮.২০২১ |
| ৮ | সুপর্ণা রায়চৌধুরী, লকার নং: ০০২৪৮৮, টাইপ 'এ' | ৭, মতিলাল নেহরু রোড, কলকাতা–৭০০০২৯ | ₹৮,৪০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ১৯.০৯.২০২১ |
| ৯ | ভূপেশ চন্দ্র দত্ত, লকার নং: ০০০৩৭৮, টাইপ 'এ' | ২৭/৩, চণ্ডী ঘোষ রোড, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৪০ | ₹৬,০০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ১০.০৯.২০১৬ |
| ১০ | মঞ্জু ঘোষ, লকার নং: ০০১৭১০, টাইপ 'এ' | এমত/৩, রিজেন্ট এস্টেট, যাদবপুর, কলকাতা–৭০০০৯২ | ₹৬,০০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ০১.০৮.২০২১ |
| ১১ | রিনা ঘোষ, লকার নং: ০০২৩১৬, টাইপ 'এফ' | ৩, কেদার বোস লেন, কলকাতা–৭০০০২৫ | ₹২৬,০০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ০৩.১২.২০২১ |
| ১২ | গোপা মুখার্জি, লকার নং: ০০২১৩৯, টাইপ 'সি' | ৪৯/৬৫, প্রিন্স গোলাম মহম্মদ শাহ রোড, কলকাতা–৩৩ | ₹১২,০০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ২৪.১০.২০২১ |
| ১৩ | প্রশান্ত কুমার শীল, লকার নং: ০০২৯৭১, টাইপ 'এ' | ৬৭/বি, ডি এইচ রোড, কলকাতা–৭০০০২৩ | ₹৬,০০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ১৬.০৭.২০২১ |
| ১৪ | রেণুকা বোস, লকার নং: ০০৪২৭, টাইপ 'এ' | ৮/২ডি, চক্রবেড়িয়া রোড (সাউথ), কলকাতা–২৫ | ₹৬,০০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ১৭.০৫.২০২১ |
| ১৫ | দেবব্রত দত্ত, লকার নং: ০০১৯৪২, টাইপ 'এ' | প্রযত্নে– সুরেশ চন্দ্র ঘোষ, ৬২/১২, হরিপদ দত্ত লেন, কলকাতা–৩৩ | ₹৬,০০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ০৫.০৭.২০২১ |
| ১৬ | ইন্দুলেখা মোদক, লকার নং: ০০৩১৮৮, টাইপ 'এ' | ১৯এ, রাখাল মুখার্জি রোড, কলকাতা–৭০০০২৫ | ₹৬,০০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ১১.০৬.২০২১ |
| ১৭ | কৃষ্ণা ব্যানার্জি, লকার নং: ০০০৬৭৪, টাইপ 'এফ' | এস–৩৩২, পঞ্চশীলা পার্ক, নতুন দিল্লি–১১০০১৭ | ₹২৬,০০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ২৫.০৭.২০২১ |
| ১৮ | রেবা ভট্টাচার্য, লকার নং: ০০২৬৪৭, টাইপ 'এ' | ১৫, নরেন ঘোষ লেন, কলকাতা | ₹৬,০০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ০৯.০৪.২০২১ |
| ১৯ | পলি মুখার্জি, লকার নং: ০০১৫২৪, টাইপ 'এফ' | ১২/১বি, মাধব চ্যাটার্জি লেন, এল আর সরণি, কলকাতা–৭০০০২০ | ₹২৬,০০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ০৩.০৩.২০২১ |
| ২০ | গায়ত্রী কর, লকার নং: ০০২০৫১, টাইপ 'এ' | ১৫–ই, ফার্ন রোড, কলকাতা–৭০০০১৯ | ₹৬,০০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ২১.০৩.২০২১ |
| ২১ | রিনা ঘোষ, লকার নং: ০০২৩৪১, টাইপ 'এফ' | ৩, কেদার বোস লেন, কলকাতা | ₹২৬,০০০/– | ২৪.০৫.২০২২ ০৪.০৩.২০২৩ ১৩.১২.২০২৪ | ০৩.১২.২০২১ |

''উপরিলিখিত সকল লকার ধারক তাঁদের লকারগুলি **ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ভবানীপুরে** পরিচালনা করছেন। ওপরের টেবিলে ৫ নং কলামে উল্লিখিত তারিখগুলিতে বকেয়া লকার ভাড়া প্রদানের জন্য আমরা বারংবার বার্তা পাঠিয়েছি। অবশ্য, বিবিধ অনুস্মারক প্রেরণ সত্ত্বেও উক্ত অর্থাঙ্ক আদায় দেওয়া হয়নি। এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে ওপরের টেবিলে ৪ নং কলামে উল্লিখিত বকেয়া লকার ভাড়া জমা দেওয়ার জন্য উপরিলিখিত সকল লকার ধারকের প্রতি পুনরায় পরামর্শ দেওয়া হচ্ছে। বকেয়া লকার ভাড়া আদায় না দেওয়া হলে এই প্রকাশনা/নোটিসের তারিখ থেকে **১৫ দিন** পরে এই ব্যাঙ্ক সংশ্লিষ্ট লকার ধারকগণের উপরিলিখিত লকারগুলি ভেঙে খুলে ফেলবে যার ঝুঁকি ও দায় সম্পূর্ণত সংশ্লিষ্ট লকার ধারকগণের ওপরই বর্তাবে।''

**তারিখ: ২৭.১২.২০২৪**
**স্থান: ভবানীপুর, কলকাতা**
অনুমোদিত আধিকারিক
ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

ফর্ম 'এ'
প্রকাশ্য বিজ্ঞপ্তি
[ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি বোর্ড অফ ইন্ডিয়া (ভলান্টারি লিকুইডেশন প্রসেস) রেগুলেশনস, ২০১৭–এর রেগুলেশন ১৪ অধীনে]
গোল্ডস্টার হাউজিং ডেভেলপমেন্ট প্রাঃ লিঃ–এর স্বার্থধারকগণের অবগতির জন্য

| | | |
|---|---|---|
| ১. | কর্পোরেট সত্তার নাম | গোল্ডস্টার হাউজিং ডেভেলপমেন্ট প্রাঃ লিঃ |
| ২. | কর্পোরেট সত্তা প্রতিষ্ঠার তারিখ | ২৫.০৮.১৯৮৭ |
| ৩. | যে কর্তৃপক্ষের অধীনে এই কর্পোরেট সত্তা প্রতিষ্ঠিত/ নিবন্ধীকৃত | রেজিস্ট্রার্ড অফ কোম্পানিজ, পশ্চিমবঙ্গ |
| ৪. | কর্পোরেট সত্তার কর্পোরেট আইডেন্টিটি নম্বর/ লিমিটেড লায়াবিলিটি আইডেন্টিফিকেশন নম্বর | U45203WB1987PTC042886 |
| ৫. | কর্পোরেট সত্তার রেজিস্টার্ড অফিস এবং মুখ্য অফিস (যদি থাকে)–এর ঠিকানা | ৪৬ কলেজ রোড, হাওড়া, পশ্চিমবঙ্গ, ভারত, ৭১১১০৩ |
| ৬. | কর্পোরেট সত্তার লিকুইডেশন শুরুর তারিখ | ২৪.১২.২০২৪ |
| ৭. | লিকুইডেটরের নাম, ঠিকানা, ই–মেল আইডি, টেলিফোন নম্বর ও রেজিস্ট্রেশন নম্বর | শ্রী অনিল কুমার দুবে মেরিডিয়ান স্প্লেনডোরা, টাওয়ার–২, ৫ম তল, ফ্ল্যাট নং ৪এফ, ৯১এ উমাকান্ত সেন লেন, কলকাতা–৭০০০৩০ anil@mandaassociates.in ফোন নং ৯৮৮৩০৩৯২৪০ রেজিস্ট্রেশন নম্বর: IBBI/IPA-002/ IP N1187/2022-23/14249 |
| ৮. | দাবি পেশের শেষ তারিখ | ২৩.০১.২০২৫ |

এতদ্দ্বারা এই নোটিস জারি করা হচ্ছে যে, ২৪ ডিসেম্বর, ২০২৪ তারিখে গোল্ডস্টার হাউজিং ডেভেলপমেন্ট প্রাঃ লিঃ–এর ভলান্টারি লিকুইডেশন শুরু হয়েছে।
এতদ্দ্বারা গোল্ডস্টার হাউজিং ডেভেলপমেন্ট প্রাঃ লিঃ–এর স্বার্থধারকদের ওপরের দফা নং ৭–তে উল্লিখিত ঠিকানায় লিকুইডেটরের কাছে ২৩ জানুয়ারি, ২০২৫ বা তার আগে তাঁদের দাবিগুলি যথাযথ প্রমাণ সমেত পেশ করার জন্য আহ্বান জানানো হচ্ছে।
আর্থিক ঋণদাতারা যথাযথ প্রমাণ সমেত তাঁদের দাবিগুলি কেবলমাত্র ইলেকট্রনিক উপায়ে জমা দেবেন। বাকি সকল স্বার্থধারক তাঁদের দাবি প্রমাণ সমেত নিজেরা হাতে করে, ডাক মাধ্যমে বা ইলেকট্রনিক উপায়ে জমা দিতে পারবেন।
দাবির স্বপক্ষে মিথ্যা অথবা বিভ্রান্তিকর প্রমাণ দাখিল করলে জরিমানা হতে পারে।

অনিল কুমার দুবে
গোল্ডস্টার হাউজিং ডেভেলপমেন্ট প্রাঃ লিঃ–এর
ভলান্টারি লিকুইডেটর
তারিখ: ২৭ ডিসেম্বর, ২০২৪
স্থান: কলকাতা
রেজিস্ট্রেশন নম্বর: IBBI/IPA-002/ IP N1187/2023-23/14249

HDFC BANK
এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড
রেজিস্টার্ড অফিস: এইচডিএফসি ব্যাঙ্ক হাউস, সেনাপতি বাপট মার্গ, লোয়ার পরেল, মুম্বই–৪০০০১৩

দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য) [রুল ৮(১)]

যেহেতু,
**এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড**–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **ঋণগ্রহীতা মেসার্স মাইতি অ্যান্ড ভট্টাচার্য এন্টারপ্রাইজ,** রেজিস্টার্ড অফিস ৩১/এ, ডঃ আশুতোষ শাস্ত্রী রোড, দ্বিতীয় তল, কলকাতা–৭০০০১০, **শ্রী সত্যজিৎ মাইতি,** ৩১/এ, ডঃ আশুতোষ শাস্ত্রী রোড, দ্বিতীয় তল, কলকাতা–৭০০০১০ এবং এছাড়াও ১৫/১৬/১, অবিনাশ ব্যানার্জি লেন, হাওড়া, পশ্চিমবঙ্গ–৭১১১০২, **শ্রী শুভদীপ ভট্টাচার্য** ৩১/এ, ডঃ আশুতোষ শাস্ত্রী রোড, দ্বিতীয় তল, কলকাতা–৭০০০১০ এবং এছাড়াও ৩১, কানাই ধর লেন, বউবাজার, কলকাতা–৭০০০১২, **শ্রী রণজিৎ মণ্ডল,** ৩১/এ, ডঃ আশুতোষ শাস্ত্রী রোড, দ্বিতীয় তল, কলকাতা–৭০০০১০ এবং এছাড়াও বাগবেড়িয়া, বারুইপুর (পি), মাদারহাট, দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ–৭৪৩৬১০ এবং **শ্রীমতী অমিতা মাইতি** ১৫/১৬/১, অবিনাশ ব্যানার্জি লেন, হাওড়া, পশ্চিমবঙ্গ–৭১১১০২–এর প্রতি উক্ত শীর্ষাঙ্কিত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে ১০.০৫.২০২৪ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক অর্থাৎ, ৩০.০৪.২০২৪ তারিখের ভিত্তিতে ₹৩,৩৯,৭৬,৪৬৯.২৫/– (তিন কোটি উনচল্লিশ লক্ষ ছিয়াত্তর হাজার চারশো উনসত্তর টাকা এবং পঁচিশ পয়সা মাত্র) বকেয়া সুদসমেত আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল এবং যেহেতু ঋণগ্রহীতাগণ/জামিনদারগণের ঠিকানায় পাঠানো উক্ত দাবি বিজ্ঞপ্তি অবিলিকৃত অবস্থায় ফেরত এসেছে, ব্যাঙ্ক **১৮.০৫.২০২৪ তারিখের 'বিজনেস স্ট্যান্ডার্ড' এবং 'আজকাল' উভয়ের কলকাতা সংস্করণে** ১৩(২) ধারাধীনে উক্ত দাবি বিজ্ঞপ্তি প্রকাশিত করেছে।
**উক্ত ঋণগ্রহীতা এবং জামিনদারগণ উক্ত দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জামিনদারগণ এবং জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেডের অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী ২৪ ডিসেম্বর, ২০২৪ তারিখে উক্ত রুলসমূহের রুল ৯–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন। বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নলিখিত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে–কোনও প্রকার লেনদেন ওপরে উল্লিখিত অর্থাঙ্ক ও পরবর্তী সুদ সমেত এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড–এর প্রতি দায় সাপেক্ষ হবে।**
**উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।**

**স্থাবর সম্পত্তির বর্ণনা**

জমির সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, মাপ সামান্য কমবেশি ১ কাঠা ১৩ ছটাক এবং ২৪ বর্গফুট, দোতলা বাড়ি (৬টি দোকানঘর) সহ, মিউনিসিপ্যাল হোল্ডিং নং ১৫/১৬/১, অবিনাশ ব্যানার্জি লেন, থানা শিবপুর, হাওড়া পুরনিগমের অধীন ওয়ার্ড নং ৪২, জেলা রেজিস্ট্রি অফিস এবং এডিএসআর হাওড়া, সমস্ত এজমালির অধিকার সহ, শ্রীমতী অমিতা মাইতির নামে। চৌহদ্দি : উত্তর: শ্রী সুভাষ গোস্বামীর বাড়ি; দক্ষিণ: ১০ ফুট চওড়া অবিনাশ ব্যানার্জি লেন; পূর্ব: কমন প্যাসেজ; পশ্চিম: হোল্ডিং নং ১৬, অবিনাশ ব্যানার্জি লেন।

অনুমোদিত আধিকারিক
(সৌভদ্র দে)
এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড
'জার্ডিন হাউস', দ্বিতীয় তল,
৪, ক্লাইভ রো, কলকাতা–৭০০০০১
**তারিখ: ২৪ ডিসেম্বর, ২০২৪**
**স্থান: শিবপুর, হাওড়া**

ফর্ম নং: আইএনসি ২৬
[কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪–এর রুল ৩০ অনুযায়ী]
কেন্দ্রীয় সরকার, রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন, কর্পোরেট বিষয়ক মন্ত্রক, কলকাতা সমীপে
কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ এর ১৩নং ধারার (৪) নং উপধারা এবং কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪–এর রুল ৩০ সাব রুল (৫) ক্লজ (এ) সম্পর্কিত বিষয়
এবং
বিষয়: **বিমল ভিনকম প্রাইভেট লিমিটেড (CIN: U51909WB2009PTC132870)** যার রেজিস্টার্ড অফিস ২৭, ওয়েস্টন স্ট্রিট, ২য় ফ্লোর, বউবাজার, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত ৭০০০১২
....পিটিশনার
এতদ্দ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, **১৬ ডিসেম্বর ২০২৪ তারিখে** আয়োজিত উক্ত কোম্পানির **বিশেষ সাধারণ সভায়** গৃহীত একটি বিশেষ সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানিজ অ্যাক্ট ২০১৩–এর ১২ এবং ১৩ ধারাধীনে **'পশ্চিমবঙ্গ রাজ্য'** থেকে **'রাজস্থান রাজ্য'**–তে এই কোম্পানির রেজিস্টার্ড অফিস স্থানান্তরের উদ্দেশে এই কোম্পানির সঙ্ঘস্মারকের পরিবর্তনের বিষয়টি নিশ্চিত করার জন্য আবেদনকারী কোম্পানির তরফে কেন্দ্রীয় সরকার, রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন, কর্পোরেট বিষয়ক মন্ত্রক, কলকাতা–এর কাছে একটি আর্জি পেশ করার প্রস্তাব আনা হয়েছে।
এই কোম্পানির রেজিস্টার্ড অফিসের প্রস্তাবিত উক্ত স্থানান্তরে কারও স্বার্থ ক্ষুণ্ণ হলে বা ক্ষুণ্ণ হওয়ার সম্ভাবনা থাকলে **তিনি/তাঁরা এমসিএ–২১ পোর্টাল (www.mca.gov.in)-তে ইনভেস্টর কমপ্লেইন ফর্ম দাখিল করে** কিংবা এই বিজ্ঞপ্তি সংবাদপত্রে প্রকাশিত হওয়ার তারিখ থেকে চোদ্দ দিনের মধ্যে রিজিওনাল ডিরেক্টর, **ইস্টার্ন রিজিয়ন, কর্পোরেট বিষয়ক মন্ত্রক, ২৩৪/৪, এজেসি বোস রোড, নিজাম প্যালেস, ২য় এমএসও বিল্ডিং, চতুর্থ তল, কলকাতা** ৭০০০২০ সমীপে তাঁর (পুং/স্ত্রী) স্বার্থের ধরন ও বিরোধিতার কারণ উল্লেখ করে লিখিতভাবে জানান বা রেজিস্টার্ড ডাকে পাঠান এবং এর সঙ্গে একটি হলফনামা দ্বারা বক্তব্য সমর্থিত হওয়া আবশ্যক এবং এর একটি কপি অবশ্যই আবেদনকারী এই কোম্পানির উক্ত রেজিস্টার্ড অফিসের ঠিকানায় পেশ করতে হবে।
**বিমল ভিনকম প্রাঃ লিঃ**
এর জন্য ও তরফে
স্বাঃ/ **রমেশ আগরওয়াল**
(ডিরেক্টর)
স্থান: কলকাতা
তারিখ: ১৬.১২.২০২৪ **DIN NO.02511087**

